

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
ভোলা।

E- mail: dwabhola@gmail.com

এপ্রিল/২০২২ মাসের জেলা বাল্য বিবাহ নিরোধ কমিটির সভার কার্যবিবরণী।

তারিখ : ১৭/০৪/২০২২ খ্রিষ্টাব্দ।
সভাপতি : জেলা প্রশাসক, ভোলা।
স্থান : জেলা প্রশাসক ভোলা এর সম্মেলন কক্ষ।
সময় : দুপুর ১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী (স্বাক্ষর রেজিষ্টারে সংরক্ষিত)

ক্রমিক নং	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষরিত
১	জেলা প্রশাসক,ভোলা।	সভাপতি	
২	পুলিশ সুপার, ভোলা।	সদস্য	
৩	সিভিল সার্জন, ভোলা।	সদস্য	
৪	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভোলা। (সকল)	সদস্য	
৫	উপজেলা নির্বাহী অফিসার, ভোলা। (সকল)	সদস্য	
৬	উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর,ভোলা।	সদস্য	
৭	উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, ভোলা।	সদস্য	
৮	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ভোলা।	সদস্য	
৯	অধ্যক্ষ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ,ভোলা।	সদস্য	
১০	জেলা আনসার ও ভি ডি পি কর্মকর্তা, ভোলা।	সদস্য	
১১	জেলা নিবন্ধক ,ভোলা।	সদস্য	
১২	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার , ভোলা।	সদস্য	
১৩	জেলা লিগ্যাল এইড কর্মকর্তা, ভোলা।	সদস্য	
১৪	উপপরিচালক,ইসলামিক ফাউন্ডেশন, ভোলা।	সদস্য	
১৫	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ভোলা।	সদস্য	
১৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ভোলা (সকল) ।	সদস্য	
১৭	প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর,ভোলা।	সদস্য	
১৮	অধ্যক্ষ আলিয়া মাদ্রাসা, ভোলা।	সদস্য	
১৯	সম্পাদক, জেলা নিকাহ রেজিষ্টার,ভোলা।	সদস্য	
২০	ম্যানেজার ,ব্রাক, ভোলা ।	সদস্য	
২১	চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা ,ভোলা।	সদস্য	
২২	উপপরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,ভোলা।	সদস্য সচিব	

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর কমিটির সদস্য সচিব সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভায় জানান যে, মার্চ/২০২২ মাসে ০৩) তিনটি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়। তিনি আরো জানান যে আগামী ঈদুল ফিতর সামনে রেখে কর্মজীবী লোকজন গ্রামের বাড়িতে ঈদ করতে এসে অনেকেই অপ্রাপ্ত কিশোর কিশোরীদের বাল্য বিবাহ দেয়ার চেষ্টা করবে তাই সভাপতির মাধ্যমে জনপ্রতিনিধি ও সকল দপ্তর প্রধানগনকে তাদের আওতাধীন দপ্তরের উপজেলা পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের তৎপর থাকার আহবান জানান। জনপ্রতিনিধি ও সকল দপ্তর মিলে যদি আমরা সম্মিলিত ভাবে কাজ করতে পারি তাহলে সামনে ঈদ উপলক্ষে কোন বাল্য বিবাহ সংগঠিত হতে পারবেনা। জেলা প্রশাসক ভোলা মহোদয় তার বক্তব্যে